DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 06:10 AM

শিক্ষা

# আজ দাওরায়ে হাদিস পরীক্ষার নিবন্ধন শুরু

প্রতিবেদক: শিক্ষা ডেস্ক
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৪ আগস্ট ২০২৬, ১২:৫৪ PM




ছবি সংগৃহীত

কওমি মাদ্রাসার সর্বোচ্চ স্তরের পরীক্ষা দাওরায়ে হাদিসের (তাকমিল) ২০২৬ সালের নিবন্ধন কার্যক্রম আজ মঙ্গলবার (৪ আগস্ট) থেকে শুরু হচ্ছে।

সোমবার (৩ আগস্ট) কওমি মাদ্রাসা শিক্ষাবোর্ড আল-হাইআতুল উলয়া লিল-জামিআতিল কওমিয়া বাংলাদেশ এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়।

বোর্ড জানিয়েছে, এবারও সম্পূর্ণ অনলাইন পদ্ধতিতে পরীক্ষার্থীদের নিবন্ধন সম্পন্ন করা হবে। একই সঙ্গে পুরাতন নেগরান ও মুমতাহিনদের (পরীক্ষকদের) তথ্য হালনাগাদ এবং নতুন আবেদন গ্রহণের কার্যক্রমও শুরু হবে। সংশ্লিষ্ট মাদ্রাসার প্রশাসকরা নির্ধারিত সফটওয়্যারে প্রবেশ করে শিক্ষার্থীদের নিবন্ধন সম্পন্ন করবেন। নিবন্ধন প্রক্রিয়ার অংশ হিসেবে এবারও পরীক্ষার্থীদের ফিঙ্গারপ্রিন্ট গ্রহণ করা হবে।

কওমি মাদ্রাসার ঘটনা নিয়ে মাওলানা আহমাদুল্লাহর ৬ প্রস্তাব

বিজ্ঞপ্তি অনুযায়ী, নিবন্ধনের আগে পরীক্ষার্থীদের নির্ধারিত ব্যক্তিগত ফরম পূরণ করে মাদ্রাসা কর্তৃপক্ষের কাছে জমা দিতে হবে। মুহতামিম বা নাজিমে তা□লীমাতের অনুমোদনের পর সেই তথ্য অনলাইনে আপলোড করা হবে।

এ বছর নিয়মিত পরীক্ষার্থীদের নিবন্ধন ফি নির্ধারণ করা হয়েছে ৭০০ টাকা, আর অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য ৮০০ টাকা। এর সঙ্গে যুক্ত হবে ১ শতাংশ অনলাইন চার্জ। তবে নির্ধারিত সময়ের পর বিলম্বে নিবন্ধনের ক্ষেত্রে নিয়মিতদের ৮০০ টাকা ও অনিয়মিতদের ৯০০ টাকা ফি দিতে হবে।

আগামী ৪ আগস্ট থেকে ২৯ রবিউল আউয়াল ১৪৪৮ হিজরি পর্যন্ত চলবে নিবন্ধন কার্যক্রম। এর মধ্যে ৪ আগস্ট থেকে ১৯ রবিউল আউয়াল পর্যন্ত নিয়মিত সময় এবং ২০ থেকে ২৯ রবিউল আউয়াল পর্যন্ত বর্ধিত সময় হিসেবে বিবেচিত হবে। নির্ধারিত সময় শেষ হওয়ার পর আর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

---

## এ বিভাগের আরও খবর



**□বাকশাল□ জবাই করে রাকসুর জিএস আম্মারের □জুলাই জিয়াফত□**

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (রাকসু) সাধারণ সম্পাদক (জিএস) সালাহউদ্দিন আম্মারের নেতৃত্বে একটি গরুর নাম □বাকশাল□ রেখে সেটি জব...



**জানা গেল কবে থেকে শুরু কলেজে ভর্তি আবেদন**

নতুন শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম আগামী ১৫ সেপ্টেম্বরের মধ্যে শেষ করার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। তবে ভর্তি আবেদনের কার...



### এসএসসিতে রেকর্ড ১৯ বছরের মধ্যে সর্বনিম্নে পাসের হার

একসময় এসএসসি ও সমমান পরীক্ষায় ৮০ থেকে ৯০ শতাংশের বেশি শিক্ষার্থী পাস করত। সেই ধারাবাহিকতায় এবার বড় ধাক্কা। ২০২৬ সালের এসএসসি ও সমমান পরীক্ষা...



### নরসিংদীর নাছিমা কাদির মোল্লা হাই স্কুলের, ৩৮২ শিক্ষার্থীর সবাই জিপিএ-৫

এসএসসি ও সমমান পরীক্ষায় ধারাবাহিক সাফল্য ধরে রেখেছে নরসিংদীর নাছিমা কাদির মোল্লা হাই স্কুল অ্যান্ড হোমস। এ বছর প্রতিষ্ঠানটি থেকে ৩৮২ জন শিক্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/education/aj-daoraye-hadis-prikshar-nibndhn-shuru